বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল
দক্ষিন হালিশহর, চট্টগ্রাম- ৪২২৩।
(www.bepza.gov.bd)

সূত্র নং-০৩.০৬.১৫৩৫.৩৩৫.১৮.১৪৪.০৬ - ৫৯৫ তারিখঃ ১২/০৭/২০২৬

## নিলাম বিজ্ঞপ্তি
নং ০১/২০২৬-২০২৭

চট্টগ্রাম ইপিজেড আওতাধীন চট্টগ্রাম ইপিজেড হাসপাতালের গুদামে রক্ষিত স্ক্র্যাপ মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে (As and where basis) নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | বিবরণ | সমাপ্ত করণের সময় |
|---|---|---|
| (ক) | হাসপাতালের ব্যবহৃত বিভিন্ন স্ক্র্যাপ মালামাল | ১৫ (পনের) দিন |

(২) শর্ত ও নিয়মাবলী ঃ

(ক) আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান আগামী ০৩/০৮/২০২৬ তারিখ পর্যন্ত প্রতি কার্যদিবসে সকাল ১০ঃ০০ টা থেকে বিকাল ৩ঃ০০ টা পর্যন্ত স্ক্র্যাপ মালামালসমূহ সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

(খ) নিলাম দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ Earnest money হিসেবে যে কোন সিডিউল ব্যাংক থেকে চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। Earnest money ব্যতীত নিলাম দরপত্র তাৎক্ষণিক ভাবে বাতিল বলে গণ্য হবে।

(গ) সর্বোচ্চ Responsive নিলাম দরদাতার দর গ্রহণযোগ্য হবে। তবে, এরূপ সফল নিলাম দরদাতাকে Letter of Acceptance (LOA) এ নির্ধারিত সময়ের মধ্যে নিলাম দরপত্রে উদ্ধৃত মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ এবং প্রযোজ্য নিয়ম/বিধি মোতাবেক মোট উদ্ধৃত মূল্যের ভ্যাট, আয়কর ও অন্যান্য (যদি থাকে) ইত্যাদি বাবদ প্রদেয় অর্থ যে কোন তফসিল ব্যাংকের পে-অর্ডার / ব্যাংক ড্রাফট আকারে চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল এর অনুকূলে পরিশোধ করতে হবে।

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে নিলাম দরপত্রে উল্লেখিত অর্থের অবশিষ্ট ৭৫% অর্থ ও প্রযোজ্য ভ্যাট, আয়কর ও অন্যান্য (যদি থাকে) প্রদানে ব্যর্থ হলে নিলাম দরপত্রের সাথে Earnest money হিসেবে প্রদত্ত ২৫% অর্থ চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল এর অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

(ঙ) নির্ধারিত সময়ের মধ্যে স্ক্র্যাপ মালামালসমূহ অপসারণে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য ১০০.০০ (একশত) টাকা হারে জরিমানা আরোপ করা হবে। নির্দিষ্ট সময়সীমা অতিবাহিত হওয়ার পর সর্বোচ্চ ২০ (বিশ) দিনের মধ্যে কাজটি সম্পাদনে ব্যর্থ হলে চুক্তি বাতিলসহ Earnest money হিসেবে প্রদত্ত ২৫% অর্থ চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল এর অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

(৩) আগামী ০৩/০৮/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন চট্টগ্রাম ইপিজেড এবং চট্টগ্রাম ইপিজেড হাসপাতালের হিসাব বিভাগ থেকে নিলাম দরপত্র (প্রতি সেট) নগদ ১০০.০০ (একশত) টাকা মূল্যে ক্রয় করা যাবে।

(৪) আগামী ০৪/০৮/২০২৬ তারিখ দুপুর ১২ঃ০০ টা পর্যন্ত চট্টগ্রাম ইপিজেড এর প্রশাসন বিভাগ এবং চট্টগ্রাম ইপিজেড হাসপাতালে রক্ষিত বাক্সে সীলমোহরকৃত নিলাম দরপত্র সমূহ দাখিল করা যাবে এবং ঐ দিনই বেলা ১২ঃ৩০ টায় উপস্থিত নিলাম দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) চট্টগ্রাম ইপিজেড এর কনফারেন্স কক্ষে দরপত্র খোলা হবে।

(৫) কর্তৃপক্ষ কোনরূপ কারর্ণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক অথবা সম্পূর্ণরূপে বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

স্বা/-
(ব্রিগেঃ জেনাঃ (অবঃ) ডাঃ মোহাম্মদ আলী চৌধুরী )
চীফ মেডিকেল অফিসার
চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল
☎ ০২৩৩৩৩৪১২১৩
ই-মেইলঃ bepzahospital@gmail.com

অনুলিপি ঃ
১। নির্বাহী পরিচালক (এমআইএস), বেপজা, ঢাকা-নিলাম বিজ্ঞপ্তিটি ১৫/০৭/২০২৬ ইং তারিখের মধ্যে বেপজা ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।
২। অতিরিক্ত নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), চট্টগ্রাম ইপিজেড।
৩। সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক, চট্টগ্রাম ইপিজেড।
৪। নোটিশ বোর্ড, চট্টগ্রাম ইপিজেড/কর্ণফুলী ইপিজেড/চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল।
৫। নথি।

22/7/26
চীফ মেডিকেল অফিসার
চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল